

দৈনিক যুগান্তর, ২০২১-০৭-২৪, পৃষ্ঠা- ১৫



## ওয়ার্ল্ড মুট কোর্ট প্রতিযোগিতায় ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয় দল

বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের মুট কোর্ট দল স্বনামধন্য নেলসন ম্যান্ডেলা হিউম্যান রাইটস মুট কোর্ট প্রতিযোগিতার ১৩তম সংস্করণের নক আউট পর্যায়ে পৌঁছেছে। প্রতিযোগিতাটিকে ওয়ার্ল্ড মুট কোর্ট প্রতিযোগিতা এবং মুট কোর্টের অলিম্পিকও বলা হয়ে থাকে। অক্সফোর্ড, ওসলো, সিংগাপুর ইত্যাদি বিশ্ববিদ্যালয়সহ বিশ্বের ৩৭টি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে প্রতিযোগিতা করে সেরা দশটি দলের মধ্যে লিখিত পর্বে তৃতীয় স্থান এবং মৌখিক পর্বে দ্বিতীয় স্থান অর্জন করে ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয়। নুসরাত জাহান নিশাত ওয় এবং আখলাক-উল-ইসলাম তুষার ৫ম সেরা বক্তার স্থান অধিকার করেন। ইস্টওয়েস্ট বিশ্ববিদ্যালয় দলের কোচ হিসাবে ছিলেন সিনিয়র লেকচারার মো. পিজুয়ার হোসেন। সংবাদ বিজ্ঞপ্তি।